

নভেম্বরেই বার্ষিক পরীক্ষা, শঙ্কায় শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা

এখন পর্যন্ত মন্ত্রণালয় থেকে
নতুন কোনো নির্দেশ না আসায়
আগের নির্দেশ বাস্তবায়নের
কাজ চলমান রয়েছে। নভেম্বর
মাসের মধ্যে সব পরীক্ষা শেষ
করতে হবে

মোহাম্মদ বেলাল হোসাইন
পরিচালক, মাধ্যমিক শাখা, মাউশি

সারা দেশের প্রাথমিক থেকে মাধ্যমিক স্তরের
শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা ও মূল্যায়ন চলতি
নভেম্বর মাসের মধ্যে সম্পন্ন হবে।

দেশজুড়ে চলমান বিভিন্ন রাজনৈতিক কর্মসূচিতে
নাশকতার আশঙ্কায় বিভাগীয় শহর ও প্রধান
সড়কগুলোর পাশে অবস্থিত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে
শিক্ষার্থীদের উপস্থিতি কমেছে। এমন পরিস্থিতিতে
শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ নিয়েও
শঙ্কা তৈরি হয়েছে।

এ ব্যাপারে গতকাল মঙ্গলবার মাধ্যমিক ও উচ্চ
শিক্ষা অধিদপ্তরের (মাউশি) মাধ্যমিক শাখার
পরিচালক মোহাম্মদ বেলাল হোসাইন কালের
কণ্ঠকে বলেন, ‘নভেম্বর মাসের মধ্যে বার্ষিক

পরীক্ষা শেষ করার নির্দেশ দিয়েছিল শিক্ষা মন্ত্রণালয়।

আমরা সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্টদের তা বাস্তবায়নের নির্দেশ দিয়েছি।’

রাজনৈতিক কর্মসূচির কারণে বিকল্প উপায়ে শিক্ষার্থী মূল্যায়ন বা পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত আছে কি না, জানতে চাইলে মাউশির পরিচালক বলেন, এখন পর্যন্ত মন্ত্রণালয় থেকে নতুন কোনো নির্দেশ না আসায় আগের নির্দেশ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। নভেম্বর মাসের মধ্যে সব পরীক্ষা শেষ করতে হবে।

রাজধানীর মিরপুর-১ নম্বরে অবস্থিত কারিগরি ও ভোকেশনাল শিক্ষাপ্রতিষ্ঠান ইউসেফ ইন্টারন্যাশনাল স্কুলে বার্ষিক পরীক্ষা শুরু হয়েছে।

প্রতিষ্ঠান সূত্রে জানা যায়, এর মধ্যে দুটি বিষয়ের পরীক্ষা হলেও কিছুসংখ্যক পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে একজন মিরপুর-১২ নম্বরের বাসিন্দা দশম শ্রেণির শিক্ষার্থী রাহাত মাহমুদ।

রাহাতের অভিভাবক মাহমুদা আক্তার কালের কণ্ঠকে বলেন, ‘কয়েক দিন ধরে রাজনৈতিক হরতাল ও অবরোধে নাশকতা দেখা যাচ্ছে। এই

কর্মসূচির মধ্যে মিরপুর-১০ ও ১১ নম্বরে
গার্মেন্টসকর্মীদের নাশকতাও দেখেছি।

জেনেশুনে সন্তানকে বিপদে ফেলতে পারি না।
পরিস্থিতি স্বাভাবিক হলে সন্তানকে পরীক্ষার হলে
পাঠাব।’

খোঁজ নিয়ে জানা যায়, অবরোধে শিক্ষার্থীদের
উপস্থিতি কমে যাওয়ায় অনেক শিক্ষাপ্রতিষ্ঠান
তাদের বার্ষিক পরীক্ষার সময়সূচি পিছিয়েছে।
কোনো কোনো শিক্ষাপ্রতিষ্ঠান শুক্র ও শনিবার
(অবরোধ না থাকার কারণে) পরীক্ষা নেওয়ার
চিন্তা করছে। আবার অনেক শিক্ষাপ্রতিষ্ঠানে এর
মধ্যে বার্ষিক পরীক্ষা শুরু হয়েছে।

তবে নাশকতার আশঙ্কায় অনেক অভিভাবক
তাদের সন্তানদের পরীক্ষায় অংশগ্রহণ করাতে
অসম্মতি প্রকাশ করছেন।

প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষার
পূর্বঘোষিত সময়সূচি বাতিল করেছে
ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ। মাধ্যমিক
স্তরের শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা ১৩ থেকে ৩০
নভেম্বরের মধ্যে হবে বলে জানানো হয়েছে।

আগামী ১১ থেকে ২৫ নভেম্বরের মধ্যে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ। এ ছাড়াও দ্বিতীয় সপ্তাহ থেকে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত জানিয়েছে হলি ফ্লাওয়ার স্কুল, এমডিসি মডেল স্কুল, নাহার একাডেমিসহ রাজধানীর বেশ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষ।

ভিকারুননিসার অধ্যক্ষ কেকা রায় চৌধুরী কালের কণ্ঠকে বলেন, মাউশির নতুন কোনো নির্দেশ না থাকায় চলতি মাসের মধ্যে বার্ষিক পরীক্ষা শেষ করা হবে।

মতিঝিল আইডিয়ালের সহকারী প্রধান শিক্ষক রোকনুজ্জামান শেখ একই কথা জানিয়ে কালের কণ্ঠকে বলেন, ‘রাজনৈতিক অস্থিরতা বাড়লে এবং অভিভাবকরা তাঁদের সন্তানদের পরীক্ষার হলে পাঠাতে অনিচ্ছা প্রকাশ করলে বিষয়টি চিঠির মাধ্যমে মাউশিকে জানানো হবে। সেখান থেকে যে নির্দেশনা আসবে, আমরা তা প্রতিপালন করব।’